

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৯৭

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/১৯. দশ্চিন্তা ও কান্নাকাটি

بَابِ الْحُزْنِ وَالْبُكَاءِ

আরবী

حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ، وَإِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ، قَالاَ حَدَّتَنَا ابْنُ أَبِي حُمَيْدِ الزُّرَقِيُّ، عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ، فُدَيْكِ، حَدَّتَنِي حَمَّادُ بْنُ أَبِي حُمَيْدِ الزُّرَقِيُّ، عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَا عَنْ غَبْدٍ مُؤْمِنٍ يَخْرُجُ مِنْ عَيْنَيْهِ دُمُوعٌ وَإِنْ كَانَ مِثْلَ رَأْسِ الذُّبَابِ مِنْ خَشْيَةِ اللَّهِ ثُمَّ مَنْ عَبْدِ شَيْئًا مِنْ حُرِّ وَجْهِهِ _ إِلاَّ حَرَّمَهُ اللَّهُ عَلَى النَّارِ " .

বাংলা

৮/৪১৯৭। আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে মুমিন বান্দার দু'চোখ থেকে আল্লাহর ভয়ে পানি বের হয়, যদিও তা মাছির মাথার পরিমাণ হয়, এবং তা কপাল বেয়ে পড়ে, তাতে আল্লাহ তার জন্য জাহান্নাম হারাম করে দেন।

English

It was narrated from 'Abdullah bin Mas'ud that the Messenger of Allah (ﷺ) said:

"There is no believing slave who sheds tears, even if they are like the head of a fly, out of fear of Allah, and they roll down his cheeks, but Allah will forbid him to the Fire."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীকুর রাগীব ৪/১২৬, যইফাহ ৪৪৯০, যইফ আল-জামি ৫১৯৬। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী হাম্মাদ বিন আবু হুমায়দ আয-যুৱাকী সম্পর্কে



আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আবুল কাশিম বিন ব ইশকাওয়াল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু বাকর আল-বাযযার বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি আহলে ইলমের নিকট দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি সিকাহ নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন